আমাদের সময়

তারিখ ... 31 OCT 2015 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... ৫ ...

# তালতলীতে ১৫ শিক্ষাপ্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ নেই

তালতলী সংবাদদাতা •

বরগুনার তালতলী উপজেলায় মাধ্যমিক স্তরের ১৫ শিক্ষাপ্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ নেই। ফলে ওই প্রতিষ্ঠানগুলোর মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ডিজিটাল ক্লাসরুম পরিচালনা সম্ভব হচ্ছে না। এতে শিক্ষার্থীরা আইসিটিভিত্তিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এ ছাড়া প্রতিষ্ঠানগুলোয় আইসিটিভিত্তিক প্রশাসনিক কার্যক্রমও ব্যাহত হচ্ছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার ২টি নিম্নমাধ্যমিক, ১৫টি মাধ্যমিক ও ১২টি দাখিল মাদ্রাসা রয়েছে। এর মধ্যে ৭টি মাধ্যমিক বিদ্যালয় ও ৫টি দাখিল মাদ্রাসায় বিদ্যুৎ সংযোগ নেই। মাধ্যমিক স্তরে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত তথ্য ও যোগাযোগপ্রযুক্তি নামে একটি আবশ্যিক বিষয় এবং নবম ও দশম শ্রেণিতে কম্পিউটার শিক্ষা নামে একটি ঐচ্ছিক বিষয় পাঠ্য রয়েছে। অধিকাংশ প্রতিষ্ঠানে কম্পিউটার বিষয়ের একজন শিক্ষক কর্মরত রয়েছেন।

প্রতিষ্ঠানগুলোয় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ডিজিটাল ক্লাসরুম পরিচালনার জন্য ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ইন্টারনেট সংযোগের সরঞ্জাম সরবরাহ করা হচ্ছে। তা বাস্তবায়নের জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ১-৩ শিক্ষককে সরকারি উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কিন্তু বিদ্যুৎ সংযোগ নেই এমন প্রতিষ্ঠানের ওই সুবিধা না থাকায় শিক্ষার্থীরা আইসিটি শিক্ষা থেকে বঞ্চিত হয়ে পিছিয়ে পড়ছে। তা ছাড়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে বিএনএ মাধ্যমিক বিদ্যালয়, তালুকদারপাড়া মাধ্যমিক বিদ্যালয়, আলহাজ নাসির উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়, চরপাড়া নিম্নমাধ্যমিক বিদ্যালয়, দক্ষিণ ঝাড়াখালী এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়, কচুপাত্রা আদর্শ নিম্নমাধ্যমিক বিদ্যালয়, আব্দুল গফুর দাখিল মাদ্রাসা, জাকিরতবক দাখিল মাদ্রাসা, ছোটবগী গাবতলী দাখিল মাদ্রাসা, দক্ষিণ ঝাড়াখালী দাখিল মাদ্রাসা, হরিণখোলা সিএনএ দাখিল মাদ্রাসা।

বিএনএ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম বলেন, ল্যাব চালুর জন্য বিদ্যালয় নিজস্ব উদ্যোগে জেনারেটরের ব্যবস্থা করা হয়েছে।